পাতা-১

**ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটি**
**২৬ নং ওয়ার্ড**
**সভার কার্য বিবরণী**
**সভা নং-০৪**

**সভার তারিখ ও সময়ঃ ২৯ ফেব্রুয়ারী ২০২৪ ইং তারিখ রাত ৯.০০ ঘটিকা।**
স্থানঃ কাউন্সিলর কার্যালয়, ২৬ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন।
সভাপতিঃ জনাব মোহাম্মদ তৌফিক বকস, কাউন্সিলর, ২৬ নং ওয়ার্ড ও প্যানেল মেয়র-২, সিলেট সিটি কর্পোরেশন।
আলোচ্য সূচীঃ ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা ও বর্জ্য ব্যবস্থাপনা।
**সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি মহোদয় ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটির সম্মানীত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করার মাধ্যমেসভায় স্বাগত জানান এবং সভার কাজ শুরু করেন।

ওয়ার্ড সচিব জনাব সুলতান আহমদ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তাহা সর্ব সম্মতিক্রমে গৃহিত হয়। সভাপতি মহোদয়, কমিটির সকল সদস্য বৃন্দকে সভায় আলোচ্য বিষয়ে উন্মোক্ত আলোচনার আহ্বান জানান। জনাব সুলতান আহমদ জানান, বিগত ৩ নং সভার সিদ্ধান্ত মোতাবেক সীমিত পরিসরে ১লা ডিসেম্বর ২০২৩ ইং তারিখ থেকে কদমতলী এলাকায় আবর্জনাবাহী একটি ভ্যান চালু করা হয়েছে। এই সার্ভিসে সন্তোষজনক সাড়া পাওয়া গিয়েছে। ফেব্রুয়ারী ২০২৪ খ্রিঃ মাসে কমিটি যথাক্রমে বাংলাদেশ হোটেল রেস্তোরা মালিক সমিতি দক্ষিন সুরমা শাখার আওতাভূক্ত সকল রেস্টুরেন্ট মালিক,কদমতলী ফেরিঘাট এলাকার সকল কলোনী মালিক ও ব্যবসায়ী সাধারণ ও কদমতলী আলবারাকাত ম্যানশন, সানিয়াত ম্যানশন ও আলফেরদৌস মার্কেটের স্বত্ত্বাধিকারী ও ব্যবসায়ী নেতৃবৃন্দে'র সাথে তিনটি জনসচেতনতামূলক মতবিনিময় সভা আয়োজন করে। ৩০০০ টি লিফলেট বিতরণ করে। আবর্জনাবাহী ভ্যানে বর্জ্য প্রদানে আশানুরুপ ইতিবাচক সাড়া পাওয়া যাচ্ছে। ফলে আবর্জনাবাহী ভ্যানের চাহিদা বেড়েছে। চালক ও আবর্জনাবাহী ভ্যান প্রয়োজন।

কাউন্সিলর জনাব মোঃ তৌফিক বকস বলেন, ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটিতে সংরক্ষিত আসন-৯ এর সম্মানিত কাউনিসলর জনাব ছামিরুন নেছা ও বাংলাদেশ হোটেল রেস্তোরা মালিক সমিতি দক্ষিন সুরমা শাখার সভাপতি জনাব আব্দুস সাত্তার কে কমিটির সদস্য করা প্রয়োজন। ওয়ার্ডে আবর্জনাবাহী ভ্যান প্রয়োজন এবং কদমতলী ফল মার্কেট, ভার্থখলা মসজিদ বাজার, আবাসিক হোটেল মালিক, কেন্দ্রীয় বাস টার্মিনাল বাস মালিক, শ্রমিক, ইজারাদার,বৃন্দের সাথে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক মতবিনিময় সভা করা প্রয়োজন। তিনি পরবর্তী মতবিনিময় সভায় সিলেট সিটি কর্পোরেশনের প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা সাহেবকে, অতিথি হিসাবে উপস্থিত থাকার অভিমত ব্যক্ত করেন। সভায় আলোচনায় অংশ নেন, বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ রফিকুল হক, জনাব মোঃ মকবুল হোসেন, জনাব খন্দকার মহসিন কামরান, জনাব আব্দুস সালাম সাহেদ, জনাব মির্জা দুলাল আহমদ, জনাব সুলতানা সিরাজ, জনাব তাসলিমা বেগম, জনাব মাইদুল ইসলাম মোহন প্রমুখ।

সিদ্ধান্ত সমূহঃ

১। আগামী ১ লা মার্চ ২০২৪ খ্রিঃ তারিখ হতে আবর্জনাবাহী ভ্যান এর সংখ্যা বৃদ্ধি করার মাধ্যমে ন্যুনতম চার্জ আদায় সাপেক্ষ্যে সংগ্রহ করার উদ্যোগ গ্রহন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

২। সকল শ্রেনী-পেশার মানুষের ব্যাপক অংশগ্রহন ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কমিটির আয়োজনে কদমতলী ফল মার্কেট, ভার্থখলা মসজিদ বাজার, আবাসিক হোটেল মালিক, কেন্দ্রীয় বাস টার্মিনাল বাস মালিক, শ্রমিক, ইজারাদার,বৃন্দের সাথে মার্চ/এপ্রিল ২০২৪ খ্রিঃ মধ্যে তিনটি বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক মতবিনিময় সভা ও প্রয়োজনীয় সংখ্যক লিফলেট বিতরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটিতে সংরক্ষিত আসন-৯ এর সম্মানিত কাউনিসলর জনাব ছামিরুন নেছা বাংলাদেশ হোটেল রেস্তোরা মালিক সমিতি দক্ষিন সুরমা শাখার সভাপতি জনাব আব্দুস সাত্তার কে সদস্য করার সিদ্ধান্ত গৃহিত হয়।

চলমান পাতা-2

Scanned with CamScanner

৪। ২৬ নং ওয়াডের বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সংরক্ষন শাখার সমন্বয় সাধন ও সিটি কর্পোরেশনের পক্ষ থেকে সার্বিক সহযোগিতার লক্ষ্যে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে কমিটির সভা, র‌্যালী বা অন্যান্য অনুষ্টানে সিলেট সিটি কর্পোরেশনের প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা সাহেবকে উপস্থিত থাকার আমন্ত্রন জানানোর সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভার মুলতবী ঘোষনা করা হয়।

(মোহাম্মদ তৌফিক বকস্)
কাউন্সিলর ও প্যানেল মেয়র ০২,
এবং সভাপতি,ওয়ার্ড লেবেল কো অর্ডিনেশন কমিটি,
২৬ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন

স্মারক নং- সিসিক/ওয়ার্ড- ২৬/প্রদান- ১০৫৬/২১-২৪
সদয় অবগতির জন্যঃ
১। মেয়রের একান্ত সচিব (মাননীয় মেয়র, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট এর অবগতির জন্য)।
২। জনাব ছামিরুন নেছা, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং- ৯, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৩। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৪। সভাপতি, বাংলাদেশ হোটেল রেস্তোরা মালিক সমিতি, দক্ষিন সুরমা শাখা।

কাউন্সিলর ও প্যানেল মেয়র ০২,
এবং সভাপতি,ওয়ার্ড লেবেল কো অর্ডিনেশন কমিটি,
২৬ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন

স্মারক নং- সিসিক/ওয়ার্ড- ২৬/প্রদান- ১০৫৭/২১-২৪
জ্ঞাতার্থেঃ
১। জনাব---------------------------------------------, সদস্য, ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটি, ২৬ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।

কাউন্সিলর ও প্যানেল মেয়র ০২,
এবং সভাপতি,ওয়ার্ড লেবেল কো অর্ডিনেশন কমিটি,
২৬ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন

— চলমান পাতা-৩

Scanned with CamScanner

<u>পরিশিষ্ট'ক'</u>

<u>(সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে)</u>

১। জনাব মোঃ রফিকুল হক (বীর মুক্তিযোদ্ধা)
২। জনাব মোঃ মকবুল হোসেন
৩। জনাব খন্দকার মহসিন কামরান
৪। জনাব আব্দুস সালাম সাহেদ
৫। জনাব মির্জা দুলাল আহমদ
৬। জনাব সুলতানা সিরাজ,
৭। জনাব তাসলিমা বেগম
৮। জনাব মাইদুল ইসলাম মোহন
৯। জনাব আনোয়ার মিয়া
১০। জনাব রাজিয়া সুলতানা
১১। জনাব আয়েশা আক্তার রিনা
১২। ফারজানা বেগম
১৩। সুলতান আহমদ, ওয়ার্ড সচিব

Scanned with CamScanner